

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা।
www.brdb.gov.bd

বিষয়: বিভিন্ন শাখা/ জেলাদপ্তরসমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি
তারিখ : ০২/০৭/২০১৯ খ্রি।
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা) কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

সভাপতি জানান যে, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চার অনুসরণ করা দরকার। তিনি সকল কর্মকর্তাকে জনকল্যাণে স্বচ্ছতা ও দক্ষতার সাথে কাজ করার জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান, জবাবদিহির উপকরণসমূহ সঠিকভাবে চর্চার মাধ্যমে বাংলাদেশে সুশাসন নিশ্চিত করা সরকারের অন্যতম লক্ষ্য। এ জন্য কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-


০১) ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম

(ক) শুদ্ধাচার প্রতিষ্ঠার সহায়ক আইন/বিধিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি করা হবে;

(খ) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) বিষয়ে নিজস্ব কার্যক্রম উল্লেখপূর্বক খসড়া শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ২৫ জুন, ২০১৯ এর মধ্যে বিআরডিবি'র সদর দপ্তরে প্রেরণ করবে।

০২) ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা দপ্তর/উপজেলা দপ্তরসমূহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক বিআরডিবি'র সদর দপ্তরে ১০ জুলাই/১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক (প্রশাসন)

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯.৬২৭৩

তারিখঃ ০২/০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক (প্রশাসন-২/প্রোগ্রামিং/বাজেট/পরিকল্পনা/প্রশিক্ষণ/স্বণ/পরিদর্শন), বিআরডিবি, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। সংশ্লিষ্ট নথি।


০২-০৭-১৭

আব্বাস আলী

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)

ফোনঃ ৮১৮০০১৮